ইত্তেফাক

তারিখ ৩/৭/৮২

381

071

## কৃষি কলেজে হলের নয়া নামকরণ প্রসঙ্গে

ঢাকার শেরেবাংলা নগরস্থিত কৃষি কলেজে মরহুম জিয়ার নামে একটি হলের নামকরণকে কেন্দ্র করিয়া কলেজে এক জটিল পরিস্থিতির সৃষ্টি হইয়াছে। রাতারাতি হলটির নামকরণের বিরুদ্ধে ছাত্ররা সভা, বিক্ষোভ মিছিলসহ কলেজের অধ্যক্ষকে স্মারকলিপি পেশের মাধ্যমে ইহার তীব্র প্রতিবাদ জানায়। কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষকে ছাত্ররা এ ব্যাপারে জিজ্ঞাসা করিলে তিনি জানান, হলটির নামকরণের তিনি কোন অনুমতি দেন নাই। আর কলেজ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কিভাবে হলের নামকরণ করা হয় তা আমাদের বোধগম্য নয়। ৭৪ সালেও এই হলটির নামকরণ করা হইয়াছিল 'বঙ্গবন্ধু' হল। কিন্তু ৭৫-এর রাজনৈতিক পট-পরিবর্তনের পর এখন হলটি কলেজের অন্য দুইটি হলের এক্সটেনশন হিসাবে রহিয়াছে। সুতরাং একদিকে নূতন নামকরণের কোনো প্রয়োজনও নাই, অন্যদিকে ছাত্রদের দাবী নূতন নামকরণ করিতে হইলে কৃষিক্ষেত্রে যাদের বিশেষ অবদান রহিয়াছে তাহাদের নামেই করিতে হইবে।

যথাযথ কর্তৃপক্ষের কাছে আমাদের একান্ত অনুরোধ, উদ্ভূত পরিস্থিতির আরো অবনতি ঘটার পূর্বেই সুষ্ঠু ও সঠিক পদক্ষেপের মাধ্যমে নামকরণের একটা সুরাহা করা হউক।

—সরদার তাছাদ্দেক আহমেদ (৩য়বর্ষ), বাংলাদেশ কৃষি কলেজ, ঢাকা—৭।